

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ২১৪

১/ বিবিধ

আরবী

من لم يصل علي فلا دين له  
ضعيف

قال ابن القيم: رواه محمد بن حمدان المروزي حدثنا عبد الله بن (خبيق) حدثنا يوسف ابن أسباط عن سفيان الثوري عن رجل عن زر عن عبد الله بن مسعود رضي الله عنه مرفوعا  
كذا أورده في كتابه " جلاء الأفهام في الصلاة والسلام على خير الأنام " (ص 25-26) ساكتا عليه لظهور ضعفه من سنده، فأحببت أن أكشف عنه، وله علتان الأولى: يوسف بن أسباط، قال أبو حاتم: كان رجلا عابدا، دفن كتبه وهو يغلط كثيرا، وهو رجل صالح لا يحتج بحديثه  
الأخرى: راويه عن زر، فإنه رجل لم يسم، وعلى هذا اقتصر الحافظ السخاوي في " القول البديع " (ص 114) في إعلاله وهو قصور  
ثم رأيت في " المعجم الكبير " (رقم 8941 و 8942) للطبراني أخرجه من طريقين عن عاصم عن زر عن عبد الله قال: من لم يصل فلا دين له  
وإسناده حسن، وليس فيه " علي " ثم هو موقوف، وهو الأشبه بالصواب

বাংলা

২১৪। যে আমার প্রতি দুরূদ পাঠ করবে না, তার কোন ধর্ম নেই।

হাদীসটি দুর্বল।

ইবনুল কাইয়িম বলেনঃ এটি মুহাম্মাদ ইবনু হামাদান আল-মারওয়াযী বর্ণনা করেছেন।

এটির দুটি সমস্যাঃ

১। সনদের বর্ণনাকারী ইউসূফ ইবনু আসবাত সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি একজন আবেদ ছিলেন। তার গ্রন্থগুলো দাফন করে দিয়েছিলেন। তিনি বহু ভুল করতেন। তিনি সৎ ব্যক্তি হওয়া সত্ত্বেও তার হাদীসকে দলীল হিসাবে গ্রহণ করা যায় না।

২। যার হতে বর্ণনাকারী ব্যক্তি ইনি এমন এক ব্যক্তি যার নাম উল্লেখ করা হয়নি। হাফিয সাখাবী "আল-কাওলুল বাদী" গ্রন্থে (পৃঃ ১১৪) এ কারণই উল্লেখ করেছেন। এটি হচ্ছে তার ক্রটি।

অতঃপর এ হাদিসটিকে দেখেছি তাবারানী "মু'জামুল কাবীর" গ্রন্থে (নং ৮৯৪১, ৮৯৪২) দু'টি সূত্রে আসেম হতে, তিনি যার হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) থেকে উল্লেখ করেছেন। এটির সনদ হাসান, কিন্তু এটি মওকুফ। এরূপই সঠিকের সাথে সাদৃশ্যপূর্ণ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5474>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন